



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.৫০২.৯৬.০০১.১৯.১৪৩২

তারিখঃ ১৯-১১-২০২০ ইং

বেতার যন্ত্রপাতি ক্রয়, বিক্রয় এবং ব্যবহার সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত-২০১০)-এর ধারা ৫৫ (১) অনুযায়ী “কোন ব্যক্তি লাইসেন্স ব্যতিরেকে বাংলাদেশ ভূখন্ডে বা আঞ্চলিক সমুদ্রসীমায় বা উহার উপরস্থ আকাশসীমায় বেতার যোগাযোগের উদ্দেশ্যে কোন বেতার যন্ত্রপাতি স্থাপন, পরিচালনা বা ব্যবহার করিবেন না বা কোন বেতার যন্ত্রপাতিতে কমিশন কর্তৃক বরাদ্দকৃত ফ্রিকোয়েন্সি ব্যতীত অন্য কোন ফ্রিকোয়েন্সি ব্যবহার করিবেন না”।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে বিটিআরসি'র লাইসেন্স ব্যতিরেকে অনুমোদনহীন বিভিন্ন তরঙ্গে ব্যবহার্য ওয়াকি-টকি সেট (পিএমআর, এসবিআর, SIM Based), বেইজ স্টেশন, মোবাইল নেটওয়ার্কে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী জ্যামার, জিএসএম/৩-জি/৪-জি নেটওয়ার্ক বুস্টার ও রিপিটার আমদানী/প্রস্তুত, বিদেশি প্রস্তুতকারকের ওয়েবসাইট/দেশি ও বিদেশি অনলাইন শপ/দেশীয় ইলেক্ট্রনিক্স বাজার/অন্য কোন মাধ্যম থেকে ক্রয়, বিক্রয় এবং ব্যবহার আইনানুযায়ী একটি দন্ডনীয় অপরাধ। সুতরাং এরূপ কার্যক্রম থেকে সম্পূর্ণভাবে বিরত থাকার জন্য এতদ্বারা সকলকে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত-২০১০) অনুযায়ী দায়ী ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

Faisal
১৯/১১/২০২০

(লেঃ কর্ণেল মোহাম্মদ ফয়সল)

পরিচালক

স্পেকট্রাম বিভাগ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন